

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ত্রাণ কর্মসূচী-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১১.১৫-১৪৬

তারিখঃ

১৭ এপ্রিল, ২০১৭  
০৪ বৈশাখ, ১৪২৪

বিষয়ঃ সরকারি/বেসরকারি এতিমখানা/লিঙ্গাহবোডিং/শিশুসদন/অনাথ আশ্রম/মুসাফিরখানা/বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে জিআর চাল বরাদ্দ/বিতরণ প্রসঙ্গে।


সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও মন্ত্রণালয় এর স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.৯৮.০০১.১৪-৪৭১ তারিখঃ ১০/০৯/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দকৃত জিআর (চাল) বা নগদ টাকা শুধুমাত্র দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ব্যক্তিদের সাহায্যার্থে সীমিত রাখা এবং ধর্মীয় অনুষ্ঠান/এতিমখানা বা অন্য উদ্দেশ্যে জিআর চাল বা নগদ টাকা ব্যয় না করার নির্দেশনা সূত্রে উল্লিখিত স্মারকে প্রদান করা হয়েছিল। বিগত বছর জেলা প্রশাসক সম্মেলনে এবং জেলা প্রশাসকগণের অনুরোধের প্রেক্ষিতে বার্ষিক নিম্নবর্ণিতভাবে ও শর্তে সরকারি/বেসরকারি এতিমখানা/লিঙ্গাহবোডিং/শিশুসদন/অনাথ আশ্রম/মুসাফিরখানা/বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে জিআর চাল বরাদ্দ/বিতরণ করতে পারবেন:

- (ক) 'এ' গ্রেডের জেলায়- বার্ষিক ১০০ (একশত) মেঃ টন  
(খ) 'বি' গ্রেডের জেলায়- বার্ষিক ৭৫ (পঁচাত্তর) মেঃ টন  
(গ) 'সি' গ্রেডের জেলায়- বার্ষিক ৫০ (পঞ্চাশ) মেঃ টন

শর্তাবলীঃ

- (ক) জেলা প্রশাসক বরাদ্দকৃত জিআর চাল বিতরণের পূর্বে সরকারি/বেসরকারি এতিমখানা/লিঙ্গাহবোডিং/শিশুসদন/অনাথ আশ্রম/মুসাফিরখানা/বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে এতিমখানার নিবন্ধন ও ধর্মীয় অনুষ্ঠানের তারিখ ও অস্তিত্ব এবং উভয়ক্ষেত্রে প্রাপ্তির যোগ্যতা যাচাই করবেন। অযোগ্য/অস্তিত্বহীন এতিমখানা/ধর্মীয় অনুষ্ঠানে এ বরাদ্দ প্রদান করা যাবে না;  
(খ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুযায়ী জেলা প্রশাসক জিআর চাল বরাদ্দ প্রাপ্তির অযোগ্য ও অস্তিত্বহীন এতিমখানা/ধর্মীয় অনুষ্ঠানের জিআর বরাদ্দ এর দায়-দায়িত্ব বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন এবং বরাদ্দে অনিয়ম হলে এর দায়-দায়িত্ব তিনি বহন করবেন;  
(গ) একই অর্থ বছরে একবারের বেশি একটি এতিমখানা/ধর্মীয় অনুষ্ঠানে জিআর চাল বরাদ্দ দেয়া যাবে না এবং একটি প্রতিষ্ঠানে সর্বোচ্চ ০২ (দুই) মেঃ টন এর বেশি জি আর চাল বরাদ্দ প্রদান করা যাবে না;  
(ঘ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ অনুযায়ী শুধুমাত্র সরকারি/বেসরকারি এতিমখানা/লিঙ্গাহবোডিং/শিশুসদন/অনাথ আশ্রম/মুসাফিরখানা/বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে আগতদের আহাৰ্য বাবদ বিতরণ করতে পারবেন এবং বিতরণের বিষয়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন দিবেন এবং অবহিত করবেন;  
(ঙ) কোন প্রতিষ্ঠানের সাথে উগ্রপন্থার সংশ্লিষ্টতা থাকলে সে সকল প্রতিষ্ঠানে এ বরাদ্দ প্রদান করা যাবে না;  
(চ) যেসকল প্রতিষ্ঠানে পর্যাপ্ত সরকারি অনুদান অথবা বার্ষিক গ্রান্ট পাচ্ছে সে সকল প্রতিষ্ঠানে এ বরাদ্দ প্রদান পরিহার করতে হবে;  
(ছ) জিআর চাল বরাদ্দের কপি এবং মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;  
(জ) এ বরাদ্দের বাহিরে জেলার রিজার্ভ শুধুমাত্র দুর্যোগকালীন ক্ষতিগ্রস্ত জনসাধারণের অনুকূলে বিতরণের জন্য মজুদ রাখতে হবে।

  
মোহাম্মদ হোসেন  
উপ-সচিব (ত্রাক)  
ফোনঃ ৯৫৭০০৪০


ds1relief@gmail.com

জেলা প্রশাসক

..... (সকল)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকগণ বরাবর ই-মেইল/ফ্যাক্স মারফত প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।
- ১২। মাষ্টার কপি।

  
(মোহাম্মদ হোসেন)  
উপ-সচিব (ত্রাক)